



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

E-mail: sbgc.gov.college@gmail.com

Website: www.sbgcp.edu.bd

অফিস: ০১৩০৯-১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর- ৯৩ /২০২৫

তারিখ: ১২/০১/২০২৫ খ্রি:

পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর ০৮/০১/২০২৫ তারিখের রাশিবা/উমা/১-২৪(৪র্থ খন্ড)/পনি-২৬১ স্মারক মোতাবেক জানানো যাচ্ছে যে, শহীদ বুলবুল সরকারি কলেজ পাবনা হতে ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের জ্ঞাতব্য নিয়মাবলী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে প্রদান করা হলো।

১। এসএসসি/সমমান পরীক্ষা ২০২০ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৯ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

যে সকল শিক্ষার্থীর ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা দেওয়ার জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ আছে তারা প্রাইভেট পরীক্ষা দিতে পারবেনা।

২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ ২৬/০১/২০২৫ খ্রি.

৩। প্রাইভেট পরীক্ষায় নিবন্ধনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদেরকে ১৯/০১/২০২৫ হতে ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে:

(ক) মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশের মূল নম্বরপত্র ও নম্বরপত্রের ফটোকপি জমা দিতে হবে

(খ) যে সকল প্রাইভেট পরীক্ষার্থী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষাবোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করে মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদরাসা শিক্ষা বোর্ড হতে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

(ঘ) যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তাদের পূর্ববর্তী পরীক্ষার মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

(ঙ) পরীক্ষার্থীর পরীক্ষার অন্তত:পক্ষে দুই বছরের পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় ব্যর্থতার হয়নি অথবা হয়ে থাকলেও উহার মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(চ) বর্তমানে পরীক্ষার জন্য কোন কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত/রিটেড ছাত্র নয় বা পূর্বে থাকলেও নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে এ মর্মে গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ছ) সাম্প্রতিক কালের উঠানো ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখে প্রার্থীর নিজ নাম লিখতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যান্ডার্ড সাইজ ছবি জমা দিতে হবে।

(জ) শিক্ষক প্রার্থীদের কেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্ততঃ তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

(ঝ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের কেলায় কমপক্ষে এক বছর যাবৎ সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসার এর সম্পর্কীয় কর্মকর্তার কাছ থেকে সীল মোহরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

৫। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনএমেই মাধ্যমিক বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবেনা।

৬। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

৭। প্রাইভেট পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয় গ্রহণ করতে পারবেনা।

৯। ২০২৫ সালের পরীক্ষা সূচি/সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় অবশ্যই অংশ গ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে পরীক্ষার ফরম পূরণ করা যাবেনা।


১০। বিষয়গুচ্ছ:

(ক) ব্যবসায় শিক্ষা শাখা: (১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আংশিক বিষয় এবং (৪) হিসাববিজ্ঞান (৫) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং (৬) ফিন্যান্স ব্যাংকিং ও বিমা নৈর্বচনিক বিষয় হিসেবে নিতে হবে।

(খ) মানবিক শাখা:

(১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আংশিক বিষয় এবং (৪) অর্থনীতি (৫) পৌরনীতি ও সুশাসন (৬) সমাজবিজ্ঞান (৬) ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং (৬) যুক্তিবাদ; নৈর্বচনিক বিষয়সমূহের মধ্যে হতে যে কোন ০৩ টি বিষয় নিতে হবে।

(গ) গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।


২২/০১/২৫
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন

আইডি নং- ৭৮৮২

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।